

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ৮ জুন, ২০২০ ইংরেজি।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : উপ-নির্বাহী পরিচালক

বিষয়: : করোনাকালে সংস্থার কর্মীদের অসুস্থতা ছুটি এবং চিকিৎসা ভাতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

বর্তমান করোনা কালের সময়ে ব্যবস্থাপনা কর্মীদের অসুস্থতার ছুটির বিষয়ে অনেকটা নমনীয়। এই সুযোগে কিছু কিছু কর্মী এ নমনীয়তার অপব্যবহার করছেন বলে প্রমাণ পাওয়া যাচ্ছে। তাই আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সংক্রান্ত নির্দেশনাগুলো নিম্নে আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. যদি কোন কর্মী অফিসে এসে অসুস্থতার কথা বলে অফিস না করেন অথবা বাসা থেকে অসুস্থতার কথা বলে অফিসে না আসেন তাহলে তিনি যতদিন অফিসে অনুপস্থিত থাকবেন ততদিন তা বিনাবেতনে ছুটি হিসেবে গণ্য হবে এবং এক্ষেত্রে তিনি কোন চিকিৎসা ভাতা এবং সংস্থার অন্যান্য সুযোগ-সুবিধাও পাবেন না।
২. তবে তিনি বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তর থেকে যদি করোনা পরীক্ষা রিপোর্ট (পজিটিভ বা নেগেটিভ যাই আসুক) দেখাতে পারেন তাহলে তার ছুটি স্ব-বেতনে হবে এবং তিনি সংস্থার চিকিৎসা নীতিমালা অনুযায়ী চিকিৎসা ভাতা দাবী করতে পারবেন। তবে এখানে উল্লেখ্য যে, কর্মী অসুস্থ থাকাকালীন সময়ে প্রথম এবং দ্বিতীয় তত্ত্বাবধায়কের ফলোআপে থাকতে হবে এবং করোনার রিপোর্ট উভয়ের দ্বারা সত্যায়িত হতে হবে।
৩. আর যদি তিনি অন্যান্য রোগের চিকিৎসা করিয়ে থাকেন তাহলে তার ছুটির আবেদনের সাথে ডাক্তারী প্রেস্ক্রিপশনের অনুলিপি এবং সার্টিফিকেটের মূলকপি যুক্ত করতে হবে। তখন আবেদনটি কর্মীর প্রথম ও দ্বিতীয় তত্ত্বাবধায়কের সুপারিশসহ প্রধান কার্যালয়ে পাঠাতে হবে এবং ডাক্তারী সার্টিফিকেটটি প্রথম ও দ্বিতীয় তত্ত্বাবধায়ক কর্তৃক সত্যায়িত হতে হবে।
৪. প্রধান কার্যালয়ে এ সংক্রান্ত একটি কমিটি আবেদনটি যাচাই বাছাই করবে এবং সত্যতা পাওয়া গেলে আবেদনটি কমিটির সুপারিশসহ নির্বাহী পরিচালক বরাবর পেশ করবে এবং তিনি নীতিমালা অনুযায়ী চিকিৎসা ভাতা এবং স্ব-বেতনে ছুটি অনুমোদন দেয়ার বিষয়সমূহ বিবেচনা করবেন।
৫. যদি প্রমাণিত হয় যে কেউ ভুল্লি বিল পাঠিয়েছেন তাহলে তিনি **Mis-Conduct** এর আওতায় পড়বেন।
৬. প্রত্যেক অফিস প্রধান তার কর্মীদের এ নির্দেশনাসমূহ নিয়ে সভা করে জানানো নিশ্চিত করবেন এবং তারা যেন তা পালন করেন তাও নিশ্চিত করবেন।
৭. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং এ বিষয়ে আরও জানার থাকলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে অনুরোধ করছি।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কপি